দৈনিক
ইত্তেফাক

তারিখ ৫ JAN 2013
পৃষ্ঠা ২০ কলাম ৭

# আজ রাজধানীর ২৪টি সরকারী স্কুলে ফরম বিক্রির শেষ দিন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল শনিবার আইডিয়াল স্কুলেও ভর্তিযুদ্ধ হয়। প্রথম শ্রেণীর মাত্র ১২০টি আসনের বিপরীতে পরীক্ষা দিয়েছে

৪ হাজার ২শ' শিশু। সকালে পরীক্ষা শুরুর এক ঘণ্টা আগে স্কুলের সামনে প্রচণ্ড ভিড় দেখা দেয়। স্কুলের চারপাশে যানজটের সৃষ্টি হয়। ভীড় দেখে অনেক শিশু পরীক্ষার হলে ঢোকার সময় ভয়ে কান্না জুড়ে দেয়।

গতকাল প্রথম শ্রেণীর জন্য বাংলা, ইংরেজী ও অংক বিষয়ে ৯০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ১৪ জানুয়ারী পরীক্ষার ফল প্রকাশ করা হবে। এদিকে আজ (রবিবার) নগরীর ২৪টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষার ফরম বিতরণের শেষ দিন। ৯ জানুয়ারী থেকে ৩টি গ্রুপে ৩ দিন ২৪টি স্কুলের ভর্তি পরীক্ষা হবে।